**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
**www.ncc.gov.bd**

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-নথি নংঃ ৪৬.১৬.৬৭০০.০১৭.০৫৮(কমি).৬৮.২৩/২৮০ তারিখঃ ২৮/১২/২০২৩খ্রিঃ

বিষয় ঃ স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা সংক্রান্ত সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৫০ (১) ধারা মোতাবেক গঠিত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটির **অনিবার্য কারনবসত আগামী ২১/১২/২০২৩ইং তারিখের পরির্বতে আগামী ২৮/১২/২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার** সকাল-১২:০০ ঘটিকায় সম্মানিত কাউন্সিলর জনাব মনোয়রা বেগম এর সভাপতিত্বে নগর ভবনের ৬ষ্ঠ তলার স্বাস্থ্য বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ-
১। ডেঙ্গু নিয়ন্ত্রন ও মশক নিধন সম্পর্কিত আলোচনা।
২। নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কিত আলোচনা।
৩। জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকাদান কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
৪। রুটিন ইপিআই কার্যক্রম সম্পর্কিত আলোচনা।
৫। বিবিধ।

(ডাঃ শেখ মোস্তফা আলী)
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা সংক্রান্ত
স্থায়ী কমিটি ও মেডিকেল অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
e-mail: dr.mostofaali81@gmail.com

..............................
..............................
...................

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ-
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। পি, এ, টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।(মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

তারিখঃ ২৮/১২/২০২৩ইং

# স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটির মাসিক সমন্বয় সভায় উপস্থিতিঃ-

| ক্রমিক নং | নাম | পদবি | হোয়াটসআপ/মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | মনোয়ার হোসেন | কাউন্সিলর ৪/৫/৩৬ | ০১৭১৭০৮২৬৬২ | [signature] ২৮.১২.২৩ |
| | মোঃ আমিনুল ইসলাম | কাউন্সিলর ১১ | ০১৭১১২৬৩৮৬৮ | [signature] ২৮/১২/২৩ |
| | মোঃ শাহীন মিয়া | কাউন্সিলর ২২ | ০১৭২৫০৮৯১২৮ | [signature] ২৮/১২/২৩ |
| | শফিকুজ্জামান সৈকত | প্রজেক্ট ম্যানেজার মমতাময় নারায়ণগঞ্জ | 01626389111 | Saikot 28.12.23 * |
| | সেলিনা আক্তার | S.I | 01552326345 | Sholina 28/12/2023 |
| | Tawfiqul Haque Samrat | CO LIUPCP, UNDP | 01852322401 | [signature] |
| | Khadiza Rahman | JLO HISL, NCC | 01684375058 | Khadiza |
| | আতেকা আফরোজ প্রমি | প্যারামেডিক | 01932819671 | আতেকা |
| | Md. Shahinur Islam | Eng. NCC-SBF K.D.C | 01645413432 | Shahinur |
| | Asit Baran Biswas | Councillor | 01818458789 | [signature] |

Dr. Sheikh Mostafa Ali MO/M.S 01673986947 [signature]

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

## স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরনীঃ-

সভাপতি ঃ কাউন্সিলর জনাব মনোয়ারা বেগম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ ঃ ২৮/১২/২০২৩ ইং

সময় ঃ সকাল- ১১:০০ ঘটিকা

সভার স্থান ঃ নগর ভবনের ৬ষ্ঠ তলার স্বাস্থ্য বিভাগের সভা কক্ষ।

সভার উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ''ক" তে সংযুক্ত।

আলোচ্য সূচী-১। ডেঙ্গু নিয়ন্ত্রন ও মশক নিধন সম্পর্কিত আলোচনা।

আলোচনা ঃ আলোচ্য সূচিতে ডেঙ্গু নিয়ন্ত্রন ও মশক নিধন সম্পর্কিত বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী জানান যে, ডেঙ্গু নিয়ন্ত্রন ও প্রতিরোধের জন্য নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচি গ্রহন কবেছে । প্রতিটি ওয়ার্ডে মশক নিধনের জন্য ২৭টি টিম গঠন করা হয়েছে যারা ফগার মেশিনের সাহায্যে এলডিও ও স্প্রে মেশিনের সাহায্যে লার্ভিসাইড ঔষধ সকাল সন্ধ্যা প্রয়োগ কওে থাকে যা ওয়ার্ড কাউন্সিলরগন নিয়ন্ত্রনাধীন। ইতোমধ্যে সেভ দ্যা চিলড্রেন প্রজেক্টের মাধ্যমে জনগনের মাঝে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৭টি ওয়ার্ডে কর্মী নিয়োগের মাধ্যমে অনলাইনে ও অফলাইনে তথ্য সংগ্রহ শুরু করেছে। তাছাড়া ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষে লিফলেট বিতরন ও জনবহুল স্থানে পোস্টার লাগানো হচ্ছে। সেভ দ্যা চিলড্রেন বিনা মুল্যে ৬০০ মশারী বিতরন কর্মসূচি গ্রহন করেছে। ইতোমধ্যে ২০টি মশারী বিনা মুল্যে বিতরন করা হয়েছে। এ ছাড়া মমতাময়ী নারায়নগঞ্জ, সোনারবাংলা ফাউন্ডেশন ডেঙ্গু প্রতিরোধে মাঠ পর্যায়ে কাজ করছে। আলো ক্লিনিক, তিনটি নগর স্বাস্থ্য কেন্দ্রে বিনা মুল্যে ডেঙ্গু পরীক্ষা করা হয় ও প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।" মমতাময়ী নারায়নগঞ্জ" প্রকল্প ম্যানেজার তাদের চিকিৎসাধীন দুঃস্থদের মাঝে বিনা মুল্যে মশারী বিতরনের জন্য সেভ দ্যা চিলড্রেন এর নিকট অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ ডেঙ্গু প্রতিরোধে কর্মসূচি সমূহ চলমান থাকবে এবং " মমতাময়ী নারায়নগঞ্জ" এর চিকিৎসাধীন দুঃস্থদের মাঝে বিনা মুল্যে মশারী বিতরনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। মশার ঔষধ ছিটানোর পরিমান বাড়ানোর সিদ্ধান্ত গ্রহন করা হয়।

আলোচ্য সূচী-২। নগর স্বাস্থ্যকেন্দ্র ও নগর মাতৃসদন সম্পর্কে আলোচনা।

আলোচনা ঃ নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত তিনটি নগর স্বাস্থ্য কেন্দ্র ও বন্দর নগর মাতৃসদনে প্রাথমিক স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন ধরনের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বিনা মুল্যে ইপিআই টিকাদান ও ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে।বন্দর নগর মাতৃসদন ভবনে সোনার বাংলা ফাউন্ডেশন সংস্থা কর্তৃক নার্সিং ট্রেনিং সেন্টার করা হচ্ছে।

সিদ্বান্তঃ প্রতিষ্ঠান সমুহের সেবার মান আরো উন্নত ও চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি-৩। জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকাদান কার্যক্রম সম্পর্কিত আলোচনা।

আলোচনা ঃ এ বিষয়ে আলোচনায় মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী জানান যে, গত ১৫/১০/২০২৩ থেকে ০৪/১১/২০২৩ তারিখ পর্যন্ত ৫ম থেকে ৯ম শ্রেনী পর্যন্ত বিদ্যালয়ের ২৮৬২২জন ছাত্রীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা প্রদান করা হয় এবং ০৫/১১/২০২৩ থেকে ১০-১৪ বছর বয়সী মেয়েদের কম্যিউনিটি এই টিকা প্রদান করা হয় এবং এ কার্যক্রম চলমান আছে । এ পর্যন্ত ৩৩৮৭ জনকে টিকা প্রদান করা হয়।

অঃ পৃঃ দ্রঃ

পৃঃ পৃঃ পর

সিদ্ধান্তঃ কমিউিনিটি পর্যায়ে লক্ষমাত্রা অর্জন না হওয়া পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। লক্ষমাত্রা ৩৮৫০।

আলোচ্য সূচি- রুটিন ইপিআই কার্যক্রম সম্পর্কিত আলোচনা।

আলোচনা ঃ নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন পরিচালিত রুটিন ইপিআই কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।এ বিষয়ে আলোচনায় মেডিকেল অফিসার ডাঃ শেখ মোস্তফা আলী জানান যে, ইউনিসেফ কর্তৃক ইপিআই কর্মী নিয়োগের পর নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের ইপিআই কার্যক্রম পূর্বের চেয়ে অনেক ভালো। কর্মীরা অনেক দায়িত্বশীলতার সাথে কাজ করেন।

সিদ্ধান্ত ঃ ভবিষ্যতে আরো কাজ করার আহব্বান করা হয়। প্রতি তিন মাস পর পর ইপিআই বিষয়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচসূচী আর না থাকায় সভাপতি মহোদয় সকলকে আরও দায়িত্বশীল হওয়ার আহবান জানিয়ে ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি করেন।

(মনোয়ারা বেগম)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী
কমিটি ও কাউন্সিলর
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-নথি নংঃ ৪৬.১৬.৬৭০০.০১৭.০৫৮(কমি).৬৮.২৪/ তারিখঃ /০১/২০২৪খ্রিঃ

অনুলিপিঃ

০১।প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

০২। ডাঃ শেখ মোস্তফা আলী,মেডিকেল অফিসার, এনসিসি।

০৩। ------------------------------- কাউন্সিলর ও সদস্য স্বাস্থ্য ও পবিবার পরিকল্পনা সংক্রান্ত **স্থায়ী কমিটি , নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।**

০৪। পি,এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। অফিস কপি।